



বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে শিল্পপতি সজ্জন জিন্দাল, লক্ষ্মী মিত্তাল ও মুকেশ আস্থানি। মঙ্গলবার অমিত ঘোষের তোলা ছবি।



বাণিজ্য সম্মেলনে বক্তব্য রাখছেন শিল্পপতি লক্ষ্মী মিত্তাল।

সম্মেলন নিয়ে বিরোধীরা

শ্বেতপত্র প্রকাশের দাবি

স্টাফ রিপোর্টার : বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন নিয়ে একসুরে রাজ্য সরকারের সমালোচনায় মুখর বিরোধীরা। সিপিএম, কংগ্রেস, বিজেপি নেতৃত্ব প্রদ্ব তুলেছেন বিনিয়োগের বাস্তবতা নিয়ে। রাজ্যে শিল্পবাহুব পরিস্থিতি রয়েছে। শিল্পপতিরা বাংলায় বিনিয়োগ করছেন। সোমবার থেকে শুরু হওয়া বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন থেকেও দেশের প্রথম সারির শিল্পপতিরা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন সুশাসনের বাংলায় আরও বিনিয়োগের কথা জানিয়েছেন। মুকেশ আস্থানি, লক্ষ্মী মিত্তাল, সজ্জন জিন্দালের মতো দেশের একাধিক শিল্পপতি স্পষ্ট বার্তায় জানিয়ে দিয়েছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে রাজ্য বদলেছে। এখন বিনিয়োগের গন্তব্যস্থল বাংলা। যদিও শিল্পপতিদের বক্তব্য কিংবা রাজ্যের বর্তমান অবস্থাকে মানতে নারাজ বিরোধীরা। চেনা বিরোধিতার সুর। বিজেপির কেন্দ্রীয় নেতা কৈলাস বিজয়বর্গী ব বলেন, “রাজ্য সরকার গরিব মানুষের দেওয়া করের টাকায় বাণিজ্য সম্মেলন করছে। চারটি বাণিজ্য সম্মেলনে ১০ লক্ষ কোটি টাকারও বেশি খরচ হয়েছে। অথচ একটিও সফল হয়নি। এক লক্ষ কোটি টাকাও ব্যক্তিগত বিনিয়োগ হয়নি। এ বিষয়ে রাজ্য সরকারকে শ্বেতপত্র প্রকাশ করতে হবে।” প্রায় এক সুর বামফ্রন্টের পরিবর্দীয় দলনেতা সজ্জন চক্রবর্তী। তিনি বলেন, “রাজ্য সরকার শ্বেতপত্র প্রকাশ করে জানাক, চারটি শিল্প সম্মেলনের বাস্তব চিত্র কী? কোন শিল্পপতি রাজ্যের কোথায় কী কী করেছেন, তা নিয়ে শ্বেতপত্র প্রকাশ করুক রাজ্য সরকার। এই বাণিজ্য সম্মেলনকে রাজ্য সরকারের ‘বাৎসরিক উৎসব’ বলে কটাক্ষ করেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরি।